

দিনাজপুরে রাসমেলা উদ্বোধন অনুষ্ঠানে নৌপরিবহন প্রতিমন্ত্রী-
'৭২ এর সংবিধান পুনঃপ্রতিষ্ঠা হলে এদেশে কেউ সাম্প্রদায়িক সংঘাত সৃষ্টি করতে পারবেনা


কাহারোল (দিনাজপুর) ৭ নভেম্বর ২০২২

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণের জন্য লড়াই করছেন। তিনি সকল ধর্ম-বর্ণের মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য সংগ্রাম করছেন। একটি অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা মুক্তিযুদ্ধ করেছিলাম। আমাদের '৭২ এর সংবিধান পৃথিবীর সর্বশ্রেষ্ঠ সংবিধান। যে সংবিধান আমাদের সকল ধর্ম-বর্ণের অধিকার দিয়েছিল। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যা করার পর আমাদের সে অধিকার কেড়ে নেয়া হয়েছিল। শুধু রাজনৈতিক ক্ষমতার কারণে এদেশকে ধর্ম দিয়ে বিভক্তি করার চেষ্টা করা হয়েছে। এর বিরুদ্ধে সংগ্রাম করেছে একমাত্র আওয়ামী লীগ। যতদিন শেখ হাসিনা ক্ষমতায় থাকবেন, ততদিন এদেশের সকল ধর্মের মানুষ শান্তিতে বসবাস করতে পারবেন। ইতিপূর্বে ধর্মীয় উচ্ছানি দিয়ে রাজনৈতিক ফায়দা হাসিলের চেষ্টা চালানো হয়েছে। বর্তমান সরকারের নেতৃত্বে ১৯৭২ সালের সংবিধান পুনঃপ্রতিষ্ঠা হলে এদেশে কেউ আর কোন সাম্প্রদায়িক সংঘাত সৃষ্টি করতে পারবে না।

প্রতিমন্ত্রী আজ সন্ধ্যায় দিনাজপুরের কাহারোল উপজেলার কান্তনগরে রাজ দোবোত্তর এস্টেট এর আয়োজনে শ্রী শ্রী কান্তজীউ মন্দিরে ঐতিহাসিক রাস উৎসব উপলক্ষ্যে মাসব্যাপী মেলার উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

উপজেলা নির্বাহী অফিসার মনিরুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংসদ সদস্য মনোরঞ্জন শীল গোপাল, দিনাজপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) দেবাশিষ চৌধুরী, অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) রেজওয়ানুল হক, দিনাজপুর প্রেসক্লাবের সভাপতি স্বরূপ কুমার বকসী বাচ্চু, দিনাজপুর রাজ দোবোত্তর এস্টেট এর এজেন্ট রনজিৎ কুমার সিংহ এবং বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদ জেলা শাখার সাধারণ সম্পাদক রতন সিং।

এর আগে প্রতিমন্ত্রী ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে মাসব্যাপী রাস মেলার উদ্বোধন করেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪